



তাগিদপত্র

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



www.dhakaeducationboard.gov.bd

নং-ঢাশিবো/বি/৬৩২/মানিক/ ৪৪০

তারিখ: ২৭/০৮/২০২২

বিষয়: বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ রাহেনুর ইসলাম এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্র: ১. রিট পিটিশন নং- ২৯০/২০১৮, তারিখঃ-১৯/০৩/২০১৮ এর আদেশ।
২. বোর্ডের ০৫/০৩/২০১৯ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি সিদ্ধান্ত।
৩. বোর্ডের ২৩/০৪/২০১৯ তারিখের ৭৮৭ নং পত্র।
৪. রিট পিটিশন নং-১১৬৮৯/২০১৯, তারিখ-০৩/১১/২০১৯ এর আদেশ।
৫. বোর্ডের ০৪/০৩/২০২০ তারিখের ২৪০০ নং পত্র।
৬. বোর্ডের ১৫/০৯/২০২১ তারিখের ৪৯২ নং পত্র।
৭. জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ-এর ৩০/০৫/২০২১ তারিখের স্মারক নং- ৩৭.০২.৫৬০০.০০.৪৩.০০১.২১-৬৩০।
৮. বোর্ডের ০৬/০৯/২০২১ তারিখের ঢাশিবো/বি/৬৩২/২৭৯৫।
৯. বোর্ডের ০৪/০১/২০২২ তারিখের ঢাশিবো/বি/৬৩২/মানিক/৯৫১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সূত্রোক্ত ১ ও ৪ নং পত্রে উল্লিখিত মহামান্য হাইকোর্টের রিট পিটিশন এর আদেশ, ৭নং পত্রের মাধ্যমে প্রেরিত জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ-এর তদন্ত প্রতিবেদন এবং ২নং পত্রে বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক ৩, ৫ ও ৬ নং পত্রের মাধ্যমে বিভিন্ন দফায় বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) এবং উক্ত মামলার বাদী জনাব মোঃ রাহেনুর ইসলাম-কে স্বপদে পুনর্বহালসহ তার প্রাপ্য বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের জন্য পত্র ইস্যু করা হলেও বিদ্যালয় কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় কোন পদক্ষেপ গ্রহণ করেনি। যা মহামান্য হাইকোর্টের/বোর্ডের আদেশ নির্দেশ অমান্য করার শামিল।

সর্বশেষ (৯) নং ক্রমিকে উল্লিখিত স্মারক ও তারিখে বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের মাধ্যমে প্রধান শিক্ষক, রাজিবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়, সদর, মানিকগঞ্জ, বরাবর কারণ দর্শানো হয়। প্রধান শিক্ষক গত ১৩/০১/২০২২ ইং তারিখে তার প্রেরিত পত্রের মাধ্যমে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান সহ প্রয়োজনীয় কাগজ পত্র দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্রের আলোকে কারণ দর্শানোর ব্যাখ্যা সন্তোষজনক নয়।

বিধায় অতিসত্ত্বর বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ রাহেনুর ইসলাম-এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী বিধায় আপনার সহযোগীতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রধান শিক্ষক

রাজিবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়

কৃষ্ণপুর, সদর, মানিকগঞ্জ।

মেমো নং- ৪৪০ (৭)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মানিকগঞ্জ।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
- ৬। সভাপতি, এডহক কমিটি, রাজিবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়, কৃষ্ণপুর, সদর, মানিকগঞ্জ।
- ৭। অফিস কপি।

তারিখ: ২৭/০৮/২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৬/০৮/২০২২